


বিভাগীয় পর্যায়ে বিভিন্ন অফিস কর্তৃক উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা” বিষয়ক তথ্যঃ

ক) বিভাগের নামঃ ঢাকা।

ক্রঃ নং	দপ্তর/সংস্থা	উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা”র নাম	উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা”র সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা”র কার্যক্রম শুরুর সময়/তারিখ
১	বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।	সেবা গ্রহীতাদের/প্রত্যাশীদের জন্য বসার ব্যবস্থা	সেবা প্রত্যাশীদের জন্য বিশ্রামাগার এর ব্যবস্থা করা হয়েছে। যেখানে ৫ সেট সোফা এবং টেবিল রয়েছে। উক্ত ব্যবস্থা গ্রহণের ফলে সেবা নিতে আসা সেবা প্রত্যাশীগণ ঘোরাফেরা যাতে না করে তার ব্যবস্থা গ্রহণের ফলে সেবা প্রত্যাশীগণ নির্দিষ্ট স্থানে বসে তার সেবা নিতে পারেন।	২৮ জুন ২০১৬
২		অভিযোগ বক্স	সেবা গ্রহীতা/প্রত্যাশীগণ তাদের সেবা প্রাপ্তির নিমিত্তে কিংবা সেবা পাওয়ার পর সেবা প্রদানে মতামত প্রকাশ করার জন্য অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। যেখানে তারা সেবা প্রাপ্তিতে সন্তুষ্ট কিংবা অসন্তুষ্ট হলে তার মতামত লিখে বক্সে ব্যক্ত করতে পারেন।	৮ জুলাই ২০১৭
৩		ভিজিটর স্লিপ	এ কার্যালয়ে প্রবেশের সম্মুখে অভ্যর্থনা/হেলপ ডেস্ক এর ব্যবস্থা করা হয়েছে। যেখানে সার্বক্ষণিক একজন কর্মচারী রাখা হয়েছে। সে সেবা প্রত্যাশী কিংবা কোন লোক এ কার্যালয়ে আসলে প্রবেশের প্রথমে তার পরিচয় নিবেন, রেজিষ্টারে নাম লিপিবদ্ধকরণ করে কার কাছে গেলে সাহায্য পাওয়া যাবে তা শুনে ভিজিটর স্লিপ দিয়ে দেখিয়ে দিবেন। ভিজিটর স্লিপে একজন সেবা প্রত্যাশীর নাম ও ঠিকানা উল্লেখ থাকার ফলে তাঁর পরিচয় সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। এ থেকে অপরিচিত লোকের মাধ্যমে অপ্রীতিকর ঘটনা রোধ করা যাবে। এছাড়া সেবা প্রাপ্তিতে এ কার্যালয়ের কেউ অযথা দেরি কিংবা হয়রানি করছে কিনা তা জানা সম্ভব হয়।	২ জুলাই ২০২০
৪		করোনাকালীন স্যানিটাইজেশন ও মাস্ক পরিধান নিশ্চিতকরণ এবং তাপমাত্রা পরীক্ষা	এ কার্যালয়ে প্রবেশের প্রথমে সকলকে তাপমাত্রা মেপে স্যানিটাইজ করে এবং যাদের মাস্ক নেই তাদের মাস্ক পরিধান করিয়ে প্রবেশ করানো হয়। কোভিড-১৯ পরিস্থিতিতে কর্মক্ষেত্রে অনুসরণীয় স্বাস্থ্যবিধি নিশ্চিতসহ সচেতনতা বৃদ্ধি ও বিভিন্ন সুরক্ষামূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যার ফলে করোনা ভাইরাস বিস্তার রোধ হবে।	২৭ মার্চ ২০২০

৫		আইসোলেশন ব্যবস্থাপনা	এ কার্যালয়ের ৩০৮ নং কক্ষটির একটি রুমে আইসোলেশনের ব্যবস্থা করা হয়েছে। কর্মক্ষেত্রে সকল কর্মকর্তা, কর্মচারী এবং সেবা প্রত্যাশীদের সুরক্ষা নিশ্চিত করার জন্য যাদের শরীরের তাপমাত্রা ১০০ কিংবা ১০০ ডিগ্রি ফারেনহাইট এর উপরে তাদেরকে প্রথমে সরাসরি উক্ত রুমে নিয়ে যাওয়া হয়। এক ঘন্টা পর পর ২ (দুই) বার তাপমাত্রা মাপা হয়। যদি দেখা যায় তাপমাত্রা স্বাভাবিক না হয়ে ১০০ ডিগ্রি ফারেনহাইট এর উপরে থাকে তাদেরকে তাৎক্ষনিকভাবে বাড়িতে কিংবা ডাক্তারের সরনাপন্ন হওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়।	২৭ মার্চ ২০২০
---	--	-------------------------	--	---------------



মোঃ রিয়াজুল কবীর

বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

ফোন নং-০২-৪৮১৮১২৪৮

jr_dhaka@yahoo.com